

প্রেস বিজ্ঞপ্তি

১৯৯৬ সনে স্বাক্ষরিত গঙ্গার পানি বন্টন চুক্তির আওতায় ২০০৯ সনের ০১ জানুয়ারি হতে বাংলাদেশ ও ভারতের মধ্যে গঙ্গার পানি বন্টন সম্পর্কিত তথ্য ও উপাত্ত।

১২ ডিসেম্বর, ১৯৯৬ তারিখে স্বাক্ষরিত গঙ্গার পানি বন্টন চুক্তি অনুযায়ী প্রতি বছর ০১ জানুয়ারি থেকে ৩১ মে পর্যন্ত দশ-দিন ওয়ারী ভিত্তিতে চুক্তির সংলগ্নি -১ অনুযায়ী নিম্ন বর্ণিতভাবে ফারাক্কায় লব্ধ গঙ্গার প্রবাহ ভারত ও বাংলাদেশের মধ্যে বন্টন করা হবেঃ

ফারাক্কায় পানি প্রাপ্যতা	ভারতের অংশ	বাংলাদেশের অংশ
৭০,০০০ কিউসেক বা কম	৫০%	৫০%
৭০,০০০ কিউসেক থেকে ৭৫,০০০ কিউসেক	অবশিষ্ট প্রবাহ	৩৫,০০০ কিউসেক
৭৫,০০০ কিউসেকের বেশী	৪০,০০০ কিউসেক	অবশিষ্ট প্রবাহ

তবে শর্ত আছে যে, বাংলাদেশ ও ভারত উভয়েই ১১ মার্চ থেকে ১০ মে সময়কালে একটি বাদ দিয়ে একটি দশ-দিন অনুক্রমে গ্যারান্টিযুক্তভাবে ৩৫,০০০ কিউসেক পানি পাবে। সে অনুসারে বাংলাদেশ ১১-২০ মার্চ, ০১-১০ এপ্রিল এবং ২১-৩০ এপ্রিল এ তিনটি দশ দিনে গ্যারান্টিযুক্ত ৩৫,০০০ কিউসেক গঙ্গার পানি পাবে। অন্যদিকে ভারত ২১-৩১ মার্চ, ১১-২০ এপ্রিল এবং ০১-১০ মে এ তিনটি দশ দিনে গ্যারান্টিযুক্ত ৩৫,০০০ কিউসেক গঙ্গার পানি পাবে।

২০০৯ সনের ০১ জানুয়ারি হতে বাংলাদেশ ও ভারতের মধ্যে ১৯৯৬ সনের চুক্তির উপরোক্ত সূত্রমতে ফারাক্কায় গঙ্গার পানি বন্টন কার্যক্রম শুরু হয়েছে। এ বছর অদ্যাবধি ভারত ও বাংলাদেশ যে পরিমাণ গঙ্গার পানি পেয়েছে তার উপাত্ত নিম্ন রূপঃ

পানির পরিমাণ কিউসেকে

সময়	ফারাক্কায় প্রাপ্ত গঙ্গার পানির মোট পরিমাণ	চুক্তির সংলগ্নি -১ অনুযায়ী		বাংলাদেশের হার্ডিঞ্জ সেতু পয়েন্টে পরিমাপকৃত প্রবাহের পরিমাণ	চুক্তির সংলগ্নি -২ এর ইন্ডিকেটিভ সিডিউল অনুযায়ী বাংলাদেশের হিস্যা	
		ফারাক্কায় প্রাপ্ত ভারতের হিস্যা	ফারাক্কায় প্রাপ্ত বাংলাদেশের হিস্যা			
জানুয়ারি	০১-১০	৯৬৪১৪	৪০০০০	৫৬৪১৪	৬৮৬৭৪	৬৭৫১৬
	১১-২০	৯০৬৫৪	৪০০০০	৫০৬৫৪	৫৭০৫৯	৫৭৬৭৩
	২১-৩১	৮৬৯৭৪	৪০০০০	৪৬৯৭৪	৫১৪৮১	৫০১৫৪
ফেব্রুয়ারি	০১-১০	৮১৬৫০	৪০০০০	৪১৬৫০	৪৫৪২১	৪৬৩২৩
	১১-২০	৭৩২৭২	৩৮২৭২	৩৫০০০	৩৮৩৯০	৪২৮৫৯
	২১-২৮	৬৪৮৫৮	৩২৪২৯	৩২৪২৯	৩৬৬৩৪	৩৯১০৬
মার্চ	০১-১০	৬১২২৬	৩০৬১৩	৩০৬১৩	৩২৪৭৫	৩৫০০০
	১১-২০	৫৬৮২৬	২১৮২৬	৩৫০০০	৩৪৬৭৬	৩৫০০০
	২১-৩১	৫৬১১৪	৩৫০০০	২১১১৪	২৭০৫১	২৯৬৮৮
এপ্রিল	০১-১০	৫৫২১১	২০২১১	৩৫০০০	২৯২৮৬	৩৫০০০
	১১-২০	৫৪২১৯	৩৫০০০	১৯২১৯	২৬২৬৬	২৭৬৩৩
	২১-৩০	৫৬৩২৯	২১৩২৯	৩৫০০০	৩০৬৮৪	৩৫০০০
মে	০১-১০	৫৭৪৪৬	৩৫০০০	২২৪৪৬	২৮৭৫৬	৩২৩৫১
	১১-২০	৫৯৩১০	২৯৬৫৫	২৯৬৫৫	৩১২৯১	৩৫০০০
	২১-৩১	৬৫৭৮০	৩২৮৯০	৩২৮৯০	৩৯১৬৩	৪১৮৫৪

প্রাপক ঃ চীফ রিপোর্টার

বাসস/ইউএনবি

দৈনিক ইত্তেফাক/জনকণ্ঠ/প্রথম আলো/সংবাদ/ইনকিলাব/দিনকাল/সংগ্রাম/যুগান্তর/নয়াদিগন্ত/আমার দেশ/ভোরের কাগজ/ যায় যায় দিন
The Daily Star/Independent/Bangladesh Observer/New Nation/News Today/New Age/BTV/JRC Web Site: www.jrcb.gov.bd

স্বাক্ষরিত

সদস্য

ঘৌথ নদী কমিশন, বাংলাদেশ।